(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.nctb.gov.bd

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
৩ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.১৬

বিষয়: **জাতীয় শিক্ষাক্রম-২০২২ এর আলোকে ষষ্ঠ থেকে নবম শ্রেণির ২০২৪ সালের চলমান ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের "মূল্যায়ন নির্দেশনার" বিভিন্ন অসত্য, ভুল, অপ্রাসঙ্গিক এবং বিভ্রান্তিকর সমাধান সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার হওয়ার প্রেক্ষিতে প্রয়োজনীয় নির্দেশনা সম্বলিত বার্তা প্রেরণ।**

## ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন সম্পর্কিত জরুরী বার্তা

জাতীয় শিক্ষাক্রম-২০২২ এর আলোকে ষষ্ঠ থেকে নবম শ্রেণির ২০২৪ সালের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ০৩ জুলাই, ২০২৪ হতে সমগ্র দেশব্যাপী একসাথে শুরু হয়েছে। এই ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের "মূল্যায়ন নির্দেশনা" প্রতিটি বিষয়ের মূল্যায়নের আগের দিনে নৈপুণ্য অ্যাপের মাধ্যমে প্রতিষ্ঠান প্রধানের নিজস্ব আইডিতে প্রেরণ করা হচ্ছে।

যদিও এই "মূল্যায়ন নির্দেশনাসমূহ" কোন শিক্ষার্থী আগে থেকে জেনে গেলেও সামগ্রিক মূল্যায়ন কার্যক্রমে কোন ধরনের বিঘ্ন সৃষ্টি হবে না, তথাপিও পরীক্ষার হলে প্রবেশের পূর্বেই এই "মূল্যায়ন নির্দেশনাসমূহ" কতিপয় প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বিভিন্ন মহলের সাথে শেয়ার করায় সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ছে। যার ফলে, কতিপয় অসাধু ব্যক্তি এবং সংস্থা কর্তৃক এই "মূল্যায়ন নির্দেশনাসমূহের" বিভিন্ন অসত্য, ভুল, অপ্রাসঙ্গিক এবং বিভ্রান্তিকর সমাধান ইউটিউব এবং অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত হচ্ছে। এই বিভ্রান্তিকর সমাধানসমূহ শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকগণকে ব্যাপকভাবে বিভ্রান্ত করছে এবং মূল্যায়ন কার্যক্রম বিভিন্ন প্রতিবন্ধকতা তৈরি করছে।

প্রতিষ্ঠান প্রধান/প্রধান শিক্ষকের নিজস্ব আইডিতে প্রেরণকৃত এই "মূল্যায়ন নির্দেশনাসমূহ" বাইরের যে কারো সাথে শেয়ার করা শিক্ষকতার নৈতিকতা বিরোধী কার্যক্রম এবং চরম অ-শিক্ষকসুলভ আচরণ। প্রসঙ্গত উল্লেখ্য, নৈপুণ্য অ্যাপের ইউজার আইডির মাধ্যমে এই "মূল্যায়ন নির্দেশনাসমূহের" ডাউনলোড এবং বিস্তরণ কার্যক্রম ট্র্যাকিং করার প্রয়োজনীয় ব্যবস্থা আছে। এই ট্র্যাকিং এর আলোকে কোনো প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মূল্যায়ন নির্দেশিনাসমূহ কোন অপ্রাসঙ্গিক কমিউনিটি কিংবা সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ারের বিষয় প্রমাণিত হলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায় মূল্যায়ন কার্যক্রমের "মূল্যায়ন নির্দেশনাসমূহ" বিস্তরণের মত এরকম স্পর্শকাতর একটি বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরও দায়িত্বশীল হওয়া এবং সতর্কতা অবলম্বন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপরিউক্ত বার্তাখানা আপনার আওতাধীন প্রযোজ্য প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধান বরাবর প্রেরণের বিনীত অনুরোধ করা হলো।

০৩-০৭-২০২৪
প্রফেসর মোঃ মশিউজ্জামান
চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;
৩। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং
৪। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক এর দপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.১৬/১ (৪)

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
৩ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;

২। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;

৩। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং

৪। যুগ্মসচিব , সরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

০৪-০৭-২০২৪
মোসাঃ নাজমা আখতার
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩- ১০৫৯ | তারিখ : ০৪/০৭/২০২৪খ্রি.

উপরোল্লিখিত এনসিটিবি কর্তৃক প্রেরিত জাতীয় শিক্ষাক্রম-২০২২ এর আলোকে ষষ্ঠ থেকে নবম শ্রেনির ২০২৪ সালের চলমান ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের "মূল্যায়ন নির্দেশনার" বিভিন্ন অসত্য, ভুল, অপ্রাসঙ্গিক এবং বিভ্রান্তিকর সমাধান সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার হওয়ার প্রেক্ষিতে প্রয়োজনীয় নির্দেশনা সম্বলিত বার্তার বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

০৪/০৭/২০২৪

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
☎ ৪১০৫০১১৮

**বিতরণ:**
১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা;
০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল);
০৪। মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০৫। মাননীয় শিক্ষা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০৬। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্ন:/অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৭। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৮। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল);
০৯। জেলা প্রশাসক (সকল);
১০। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) [পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন সংশ্লিষ্টদের বাস্তবায়নের অনুরোধসহ];
১১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১২। জেলা শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন সংশ্লিষ্টদের বাস্তবায়নের অনুরোধসহ];
১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
১৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন প্রতিষ্ঠান প্রধানদের বাস্তবায়নের অনুরোধসহ];
১৫। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি.................................................;
১৬। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৭। সংরক্ষণ নথি।